মডেল পাঠ পরিকল্পনা : বাংলা (১ম শ্রেণি)

শ্রেণি: প্রথম ; বিষয় : বাংলা; পাঠের শিরোনাম:বর্ণ; পাঠ্যাংশ :বর্ণ-ক; সময়:৪০ মিনিট

পাঠের আলোচ্য বিষয় : ব্যঞ্জনবর্ণ, ক-শোনা, বলা, পড়া ও লেখা।

শিখনফল : এ পাঠ শেষে শিক্ষার্থীরা নিম্নোলিখিত যোগ্যতাসমূহ অর্জন করবে-

শোনা : ১.১.৩ , ১.২.১, ১.২.২ , ১.২.৩, ১.৩.১ , ১.৩.২; বলা : ১.১.১, ১.২.১, ১.২.২, ১.৩.১, ১.৩.২,

পড়া : ১.১.১, ৩.১.১, লেখা : ১.১.১

উপকরণ : পাঠ্যবই, পাঠ সংশ্লিষ্ট ছবি, বর্ণকার্ড, বর্ণের ছড়ার ভিডিও।

শিখন-শেখানো কার্যাবলি

ক) নিরাপত্তাবোধ পরিবেশ সৃষ্টি:শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবো এবং পাঠ উপযোগী পরিবেশ সৃষ্টি করবো। **খ) আবেগ সৃষ্টি:** শিক্ষার্থীদের নিয়ে বর্ণমালার উপর একটি গান গাইবো/ছড়া আবৃত্তি করবো। গ) পূর্ব পাঠের **ক্লাসের শিখনফল অর্জন যাচাই করব।**	১৫ মি.
ঘ) উপস্থাপন : ১) পাঠ্যবইয়ের এর ছবি দেখে, একাকী চিন্তা করে ও পাশের জনের সাথে আলাপ করে ছবির বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদেরকে বলতে বলবো। ২) শুদ্ধ ,স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে ছন্দের তালে দুবার পড়বো 'কলম ধরি। খবর পড়ি। গম ভাঙ্গাই। ঘর বানাই। ব্যাঙ ডাকে, ঘ্যাঙ ঘ্যাঙ।' শিক্ষার্থীরা শুনবে ও বইয়ের ছবির সাথে মেলাবে। ৩) এবার শিক্ষার্থীদেরকে আমার সাথে বলতে বলবো (৪/৫টি দল করে একদলকে বলতে বলবো এবং অন্যদলকে শুনতে বলবো) ৪) এরপর টেনে স্পষ্টভাবে উচ্চারণ করবো ক-ল-ম এবং শিক্ষার্থীদেরকে দিয়ে অনুশীলন করাবো। এক্ষেত্রে প্রথম দলে, তারপর জোড়ায় এবং শেষে এককভাবে ক-ল-ম বলার অনুশীলন করাবো। ৫) 'ক' বর্ণটি বোর্ডে লিখে এই বর্ণ দিয়ে আর কী কী শব্দ হয় তা শিক্ষার্থীদেরকে বলতে বলবো। আমি শব্দগুলো বোর্ডে লিখবো। ৬) এরপর প্রথমে বাস্তব কলম এবং পরে ছবি দেখিয়ে এর নাম বলতে বলবো। নাম বোর্ডে লিখবো। 'ক' বর্ণটি বোর্ডের শব্দে এবং বইয়ের কোন শব্দে আছে তা দেখাতে বলবো। 'ক' বর্ণটি বার বার শিক্ষার্থীদেরকে দিয়ে পড়াবো এবং সাথে শব্দও উচ্চারণ করাবো। ৭) এবার পাঠ্যবইয়ের নির্দেশনা অনুযায়ী 'ক' বর্ণটি বড় করে বোর্ডে লিখবো এবং শিক্ষার্থীদেরকে দেখতে বলবো। মুখে বর্ণ লেখার শুরু ও শেষ নির্দেশনা বলে বলে 'ক' বর্ণটির ওপর হাত ঘোরাবো এবং শিক্ষার্থীদেরকে দেখতে বলবো। শিক্ষার্থীদেরকে নিজ নিজ বইয়ে হাত ঘোরাতে বলবো। ৮) শিক্ষার্থীদের খাতায় 'ক' বর্ণটি লিখতে বলবো। প্রয়োজনে সহায়তা দেবো।	২০ মি:
ঙ) মূল্যায়ন – সব শিক্ষার্থীকে খাতায় কলমের ছবি আঁকতে বলবো এবং ছবির পাশে 'ক' বর্ণটি লিখতে বলবো। কতকগুলো বর্ণকার্ড থেকে 'ক' বর্ণটি শনাক্ত করে বর্ণটি পড়তে বলবো। এছাড়া পাঠ চলাকালীন পর্যবেক্ষণ করে, বলতে দিয়ে, পড়তে দিয়ে ও লিখতে দিয়ে মূল্যায়ন করবো। **চ)বাড়ির কাজ প্রদান** - 'ক' বর্ণটি দশবার লিখে নিয়ে আসতে বলবো	৫ মি.

মডেল পাঠ পরিকল্পনা : বাংলা (৪র্থ শ্রেণি)

শ্রেণি-চতুর্থ, বিষয়-বাংলা; পাঠের শিরোনাম:বাংলাদেশের প্রকৃতি, পাঠ্যাংশ: ষড়ঋতুর দেশ----গ্রীষ্মকালের ফল, পৃষ্ঠা ১,

পাঠের আলোচ্য বিষয়: পড়া, শব্দের অর্থ, যুক্তবর্ণযুক্ত শব্দ , পঠিত অংশের মূল বক্তব্য এবং সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন।

শিখনফল : এ পাঠ শেষে শিক্ষার্থীরা নিম্নে উল্লেখিত যোগ্যতাসমূহ অর্জন করবে-

শোনা : ১.১.১ , ৩.৪.২, ১.৩.১, ১.৩.৫, ১.৩.৬, ২.২.১; বলা :২.৫.১; ২.৫.৩

পড়া : ১.৩.১, ১.৩.২, ১.৪.১, ১.৪.২, ১.৫.২

উপকরণ - পাঠ্যপুস্তক, পাঠ সংশ্লিষ্ট ছবি/ ভিডিও।

শিখন-শেখানো কার্যাবলি

ক) নিরাপত্তাবোধ পরিবেশ সৃষ্টি- কুশল বিনিময়ের মাধ্যমে শিখন শেখানোর অনুকূল পরিবেশ সৃষ্টি করবো। **খ) আবেগ সৃষ্টি:** কোনো গল্প বা ছড়া, কবিতার মাধ্যমে পাঠের প্রতি শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করবো। গ) পূর্ব পাঠের **ক্লাসের শিখনফল অর্জন যাচাই করব।**	১৫ মি.
ঘ) উপস্থাপন - ১. পাঠ্যবইয়ের প্রথম ছবি এককভাবে দেখতে দিয়ে, পাশের জনের সঙ্গে আলোচনা করে ছবির বিষয়বস্তু বুঝতে এবং চলিত রীতিতে শুদ্ধ উচ্চারণে স্পষ্ট করে বলতে সহায়তা করবো। প্রয়োজনে বিভিন্ন প্রশ্ন করে উত্তর জানতে চাইবো এবং উত্তর দিতে সহায়তা করবো। ২. পাঠ্যাংশ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে শ্রবণযোগ্য স্বরে পড়ে শোনাবো ও শিক্ষার্থীরা আমার পড়া অনুসরণ করবে। ৩. পাঠের নতুন শব্দের অর্থ জিজ্ঞেস করবো এবং তা বোর্ডে লিখে দেবো। শিক্ষার্থীরা শব্দগুলো ও অর্থ সরবে পড়বে। ৪. শিক্ষার্থীদের কাছ থেকে পাঠ্যাংশের রিডিং পড়া শুনবো এবং অন্যান্য শিক্ষার্থীকে পড়া অনুসরণ করতে বলে ভুল বা শুদ্ধ শনাক্ত করতে বলবো। পরে তাদেরকে প্রশ্ন করে উত্তর দিতে উৎসাহিত করবো। ৫. যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে লিখে দেখাবো। যেমন: গ্রীষ্ম - ষ্ম = ষ+ম, প্রচন্ড- ন্ড= ন +ড ইত্যাদি। গ্রীষ্ম এবং প্রচন্ড শব্দ দুটো শিক্ষার্থীদেরকে পড়তে বলবো ও খাতায় লিখতে বলবো। অনুরূপ যুক্তবর্ণ সংবলিত নতুন শব্দ একাকী চিন্তা করে ও প্রয়োজনে দলে আলাপ করে দলের পক্ষে একজনকে বলতে বলবো। ৬. এরপর পাঠ্যাংশের বিষয়বস্তু শিক্ষার্থীদের সহায়তায় আলোচনা করবো। পাঠ্যাংশের সঙ্গে সংশ্লিষ্ট বাংলাদেশ সম্পর্কে শিক্ষার্থীদেরকে বর্ণনা দিতে বলবো।	২০ মি:
ঙ) মূল্যায়ন : নিম্নলিখিত প্রশ্নের মাধ্যমে মূল্যায়ন করবো। ১। মৌখিক- ক) কয় মাসে একটি ঋতু হয়? খ) বাংলাদেশে কয়টি ঋতু ? গ) কোন কোন মাস নিয়ে কোন কোন ঋতু ? ঘ) গ্রীষ্ম ঋতুতে প্রকৃতির অবস্থা কেমন হয় ? প্রশ্নগুলোর আলোচনার পর আজকের পাঠের সারসংক্ষেপ করে শিক্ষার্থীদের ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবো। **চ) বাড়ির কাজ প্রদান :** বাংলা 'বারো মাসের নাম' এক পৃষ্ঠা জুড়ে লিখে আনতে এবং আজকের পাঠ্যাংশ পড়ে আসতে বলবো।	৫ মি.

মডেল পাঠ পরিকল্পনা: ইংরেজি (২য় শ্রেণি)

Class:2	Unit:1	Lesson:4-6 Page No.:3
Period: 4	Content: Activity A	Required Material: Text book, CD/Audio, picture and word Flashcards, Lesson's pictures.

Learning Outcome(s): By the end of the lesson, students will be able to achieve the following competencies **Listening** 1.1.1; **Speaking** 1.1.2; **Reading**1.3.1

Required Classroom Language:
Good morning, students. How are you? Look at the picture. What can you see in the picture? What is the picture about? What is it in English? Say loudly/slowly. Which one is covered? Listen to me. Follow me. Make a pair. Listen and speak in turn/ask and answer in turn. Thank you. Well done.

Teaching learning Activities		Time
শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করব এবং তাদেরকেও আমার সাথে এবং তাদের একে অপরের সাথে শুভেচ্ছা বিনিময় করতে বলবো। সম্ভব হলে, একটি Greeting song গাইবো বা প্লে করবো।		
১.	পূর্ব পাঠের শিখনফল অর্জন যাচাই: প্রত্যেক শিক্ষার্থীকে পৃথকভাবে আগের দিনের শিখনফল অর্জন যাচাই করব। Home Work সংগ্রহ করবো এবং যাচাই করে ফেরত দেবো।	
Input		
২.১	ant, bat, cup, doll এবং egg শব্দগুলোর Picture প্রর্দশন করবো এবং What is this? বলে প্রশ্ন জিজ্ঞেস করে বোর্ডে এঁটে দেবো। যারা সঠিক উত্তর দিতে পারবে তাদের উৎসাহিত করবো। প্রদর্শিত ছবির শব্দ বলবো এবং আমার সাথে বলতে বলবো। সক্রিয় অংশগ্রহণের জন্য উপযুক্ত Classroom Language ব্যবহার করে সকলকে উৎসাহিত করবো।	10 mins
২.২	এবার প্রতিটি ছবির পাশে তাদের শব্দ কার্ড এঁটে দেবো এবং একইভাবে আমার সাথে শব্দ বলতে বলবো।	
২.৩	এলোমেলোভাবে ছবি ও শব্দ কার্ড নির্দেশ করে সমগ্র শ্রেণিকে বলতে বলবো ।	
২.৪	যে কোনো ১/২ জন শিক্ষার্থীকে ডেকে এনে এলোমেলোভাবে ছবি ও শব্দ কার্ড নির্দেশ করতে বলবো এবং সমগ্র শ্রেণিকে নির্দেশিত শব্দ বা ছবির শব্দ বলতে বলবো ।	
Practice		18 mins
২.১	শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা নম্বর ৩ খুলতে বলবো । এবার জোড়ায় বা দলে একজনকে ant, bat, cup, doll এবং egg শব্দগুলোর ছবি নির্দেশ করে What is this? বলে প্রশ্ন জিজ্ঞেস করতে বলবো এবং জোড়ার অপরজনকে/দলের অন্যদের নির্দেশিত ছবির শব্দ/ শব্দ সরবে বলতে বলবো। একটি জোড়া বা দলকে শ্রেণির সামনে এনে কাজটি কীভাবে করতে হবে তা প্রর্দশন করতে বলবো। প্রয়োজনে সহায়তা দেবো। জোড়া/দলীয় কাজ মনিটরিং করবো এবং প্রয়োজনে সহায়তা দেবো। সকল দল/জোড়াকে সক্রিয় অংশগ্রহণের জন্য উপযুক্ত Classroom Language ব্যবহার করে উৎসাহিত করবো।	
২.২	জোড়ায় ছবির সাথে শব্দ কার্ড মেলাতে দেবো। মনিটরিং করবো এবং প্রয়োজনে সহায়তা দেবো।	
Task/Checking Learning/Assessment		10
৩.১	Bingo Game-এর মাধ্যমে আজকের পাঠ মূল্যায়ন করবো।	mins
৩.২	Kim's Game-এর মাধ্যমেও আজকের পাঠ মূল্যায়ন করবো।	
Home Work		2 mins
	সকলকে বাসায় আজকের পাঠের ছবি/শব্দগুলো মা-বাবা ও ভাইবোনদেরকে দেখিয়ে What is this? বলে প্রশ্ন জিজ্ঞেস করতে বলবো এবং বলতে বলবো। খাতায় চার লাইনে Lowercase and Uppercase-এর a/A, b/B, c/C, d/D এক পৃষ্ঠা লিখে আনতে বলবো। উপযুক্ত Classroom Language ব্যবহার করে শ্রেণিকক্ষ ত্যাগ করবো ।	

Bingo Game: শিক্ষার্থীদের শেখানো পাঠের ৫টি ছবি/শব্দ/বর্ণ/বাক্যাংশের মধ্যে তাদের ইচ্ছেমতো যে কোন ৩টি ছবি/শব্দ/ বর্ণ/ বাক্যাংশ আঁকতে/লিখতে বলবো। ইচ্ছেমতো আজকের পাঠের ছবি/শব্দ/ বর্ণ/ বাক্যাংশ বলবো এবং যে যে শিক্ষার্থী শোনা শব্দের ছবি এঁকেছে তাদের সে ছবি কেটে দিতে বলবো। এভাবে যার শোনা শব্দের ছবি আগে কাটা হয়ে যাবে তাকে **Bingo** বলতে বলবো ।

Kim's Game: বোর্ডে ছবি ও শব্দ কার্ডগুলো এঁটে দেবো অথবা আঁকবো। সকলকে তাদের চোখ বন্ধ করতে বলবো । এবার যে কোন একটি ছবি বা শব্দ ঢেকে দেবো /সরিয়ে ফেলবো বা মুছে দেবো । এবার সকলকে চোখ খুলতে বলবো এবং **Which one is covered?** প্রশ্নটি করবো। যারা বলতে পারবে তাদের হাত তুলতে বলবো এবং যে কোন একজনকে বলতে বলবো। বলতে পারার জন্য উৎসাহিত করবো । যে ছবি বা শব্দ সরিয়ে বা মুছে ফেলা হয়েছিল তা এঁটে দেবো বা লিখবো এবং অনুরূপভাবে আজকের সকল শব্দ ও ছবির জন্য **Kim's Game** খেলবো।

মডেল পাঠ পরিকল্পনা: ইংরেজি (৪র্থ শ্রেণি)

Class:4	Unit:7	Lessons:1-2 Page No.:35
Period: 1 (A & B)	Content: Activity A. Look, listen and Say. B: pair work, act out the dialogue	Required Material: Text book, CD/Audio, Lesson's pictures in a big poster

Learning Outcome(s): By the end of the lesson, students will be able to achieve the following competencies **Listening** 1.3.1; **Speaking** 6.2.1; **8.1.1 Reading**1.5.1,1.7.1

Required Classroom Language:
Good morning, students. How are you? Who will greet me? Now greet in pairs. Look at the picture. What can you see in the picture? What is the picture about? Listen to me. Follow me. Make pairs. Ask and answer in turn. Read and listen in turn. Thank you. Well done.

Teaching learning Activities		**Time**
শিক্ষার্থীদের সাথে ক্লাসের সময় অনুযায়ী শুভেচ্ছা বিনিময় করবো এবং তাদেরকেও আমার সাথে এবং তাদের একে অপরের সাথে শুভেচ্ছা বিনিময় করতে বলবো।		২মি.
১.	পূর্ব পাঠের শিখনফল অর্জন যাচাই : প্রত্যেক শিক্ষার্থীকে পৃথকভাবে আগেরদিনের শিখনফল অর্জন যাচাই করব। Home Work সংগ্রহ করবো এবং যাচাই করে ফেরত দেবো।	10 mins

Input		
২.১	পাঠ্যপুস্তকের page 14 খুলবো এবং তাদেরকেও বই খুলে Activity A-এর ছবিটি দেখতে বলবো। শিক্ষার্থীদের জিজ্ঞেস করবো, 'তোমরা ছবিটিতে কী কী দেখতে পাচ্ছ?' উত্তর শুনবো এবং প্রয়োজনে সহায়তা করবো। এই পাঠের নতুন শব্দগুলো বোর্ডে লিখবো (যেমন: Sharpener, eraser, borrow)। শব্দগুলোর অর্থ শিক্ষার্থীদের কাছ থেকে elicit করে বোর্ডে লিখবো এবং শিক্ষার্থীদেরকে তাদের খাতায় লিখে নিতে বলবো।	5-7 mins
২.২	Activity A-এর সংলাপটি পড়বো/ অডিও ফাইল C4U07L1-2A প্লে করে শোনাবো এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলবো। সংলাপটি আরও ১/২ বার পড়বো/ অডিও প্লে করবো এবং শিক্ষার্থীদের আমাকে অনুসরণ করে পড়তে বলবো।	
২.৩	এবার দুই/তিন জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে Activity A-এর সংলাপটি অভিনয় করে দেখাতে বলবো। প্রয়োজনে সহায়তা করবো। শ্রেণির অপর শিক্ষার্থীদের উপস্থাপিত সংলাপ-অভিনয়টি উপভোগ করতে বলবো।	
Practice		10 mins
২.১	শিক্ষার্থীদের নিজ জায়গায় বসে জোড়ায় Sharpener, eraser, borrow শব্দগুলোর বানান এবং অর্থ পর্যায়ক্রমে একে অপরকে জিজ্ঞেস করতে ও বলতে বলবো।	
২.২	এবার শিক্ষার্থীদের নিজ জায়গায় বসে জোড়ায় Activity A এর সংলাপটি অনুশীলন করতে বলবো যতক্ষণ পর্যন্ত তারা বই না দেখে বলতে পারে। এক্ষেত্রে তাদের Role পরিবর্তন করে সংলাপটি অনুশীলন করতে বলবো। ক্লাসে ঘুরে ঘুরে দেখবো ও প্রয়োজনে সহায়তা করবো।	
২.৩	এবার শিক্ষার্থীদের জোড়ায় Activity A-এর সংলাপটি অভিনয়সহ অনুশীলন করতে বলবো । এক্ষেত্রে তারা Role পরিবর্তন করে সংলাপটি অনুশীলন করবে। ক্লাসে ঘুরে ঘুরে দেখবো ও প্রয়োজনে সহায়তা করবো।	
Task/Checking Learning		5 mins
২.১	৪-৫ জোড়াকে শ্রেণির সামনে এসে সংলাপটি অভিনয়সহ উপস্থাপন করতে বলবো।	
Home Work		3 mins
	শিক্ষার্থীদের Sharpener, eraser এবং paper শব্দ ৩টি পরিবর্তন করে একটি সংলাপ তৈরি করে আনতে বলবো। এছাড়াও আজকের সংলাপটি বাসায় মা-বাবা, ভাই-বোনদেরকে অভিনয় করে দেখাতে, শোনাতে বলবো। উপযুক্ত Classroom Language ব্যবহার করে শ্রেণিকক্ষ ত্যাগ করবো ।	

মডেল পাঠ পরিকল্পনা: গণিত

শ্রেণি: ৪র্থ, বিষয়: গণিত, অধ্যায় ৭ গুণিতক এবং গুণনীয়ক, পাঠ-গুণিতক

শিখনফল: ১৭.১.৪ গুণিতকের ধারণা ব্যাখ্যা করতে পারবে এবং গুণিতক নির্ণয় করতে পারবে।

উপকরণ: প্রাথমিক গণিত পাঠ্যপুস্তক, বড় করে আঁকা ছবি, ক্যালেন্ডার, চার্ট ইত্যাদি।

শিখন-শেখানো কার্যাবলি:

ক্র. নং	কাজ	সময়
১.১	প্রস্তুতি: সালাম ও কুশল বিনিময়ের মাধ্যমে শ্রেণিকক্ষে শিখন উপযোগী পরিবেশ তৈরি করব। শ্রেণিতে শিক্ষার্থীদের আসন ব্যবস্থাপনা (সকল শিক্ষার্থী শিক্ষককে অনুসরণ করতে পারে এবং দলীয় কাজের ব্যবস্থা আছে) যথাযথ হয়েছে এবং সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক, খাতা, কলম আছে তা নিশ্চিত করব।	৫ মিনিট
১.২	পূর্বজ্ঞান যাচাই: শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রশ্ন করব "আজ যেন কী বার?" অতপর প্রশ্ন করব আজ মাসের কততম দিন? মাসের ৭ম দিন কী বার? যদি মাসের ৭ম দিন রবিবার হয় তবে পরের রবিবারে মাসের কততম দিন হবে? শিক্ষার্থীদের চিন্তা করে উত্তর দিতে বলুন। এভাবে পর্যায়ক্রমে ৩য় এবং চতুর্থ রবিবার মাসের কততম দিন হবে বলতে সহায়তা করব। এক্ষেত্রে প্রয়োজনে ক্যালেন্ডারের সহায়তা নিব। নিশ্চত করব যে, শিক্ষার্থীরা ৭ম, ১৪তম, ২১তম এবং ২৮তম উত্তর করতে পারে। এক্ষেত্রে প্রয়োজনে শিক্ষার্থীদের ৭ এর গুণের নামতা স্মরণ করতে সহায়তা করব।	
২.১	বোর্ডে ৭, ১৪, ২১ এবং ২৮ সংখ্যাগুলো লিখে এগুলো কীভাবে পাওয়া যায় তা চিন্তা করে বলতে দিব। সংখ্যাগুলো যে, ৭ কে ১, ২, ৩ এবং ৪ দ্বারা গুণ করার ফলে হয়েছে বলতে সহায়তা করব। শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলুন, ৭, ১৪, ২১ এবং ২৮ সংখ্যাগুলো ৭ এর গুণিতক।	১৮ মিনিট
২.২	নিম্নে বর্ণিত ছবি দুইটি (পূর্বে বড় করে আঁকা) বোর্ডে ঝুলিয়ে দিয়ে শিক্ষার্থীদের মনোযোগ সহকারে দেখতে বলব। শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলব- ছবিতে একটি দোকানের বিস্কুট ও চকলেটের বাক্স আলাদাভাবে স্তুপ করা আছে। যে বাক্সগুলোতে বিস্কুট রাখা আছে তার প্রতিটির উচ্চতা ৩ সেমি। বাক্সগুলো স্তুপ করে রাখার ফলে বাক্সের সংখ্যা এবং তাদের উচ্চতার মধ্যে সম্পর্ক কী তা নির্ণয় করব। চকলেটের বাক্স  বিস্কুটের বাক্স	
২.৩	নিম্নের ছকটি বোর্ডে আঁকব এবং শিক্ষার্থীদের আলোচনায় অংশগ্রহণ ও উপরের সমস্যা সমাধানে সহায়তা করব।	

	বাক্সের সংখ্যা	১	২	৩	৪	৫	৬	৭
	উচ্চতা (সেমি)							

২.৩	ছক অনুযায়ী ১, ২, ৩, ... ক্রমান্বয়ে সাজানো বাক্সগুলোর উচ্চতা চিন্তা করতে দিয়ে শিক্ষার্থীদের ধারণার আলোকে ছক পূরণ করতে সহায়তা করব।	
	৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১ সংখ্যাগুলো ৩ দ্বারা গুণের মাধ্যমে গঠিত। ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১ সংখ্যাগুলো ৩ এর গুণিতক বুঝতে সহায়তা করব।	
২.৪	০ থেকে ২৫ পর্যন্ত একটি সংখ্যা রেখা বোর্ডে এঁকে শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় আঁকতে বলব। অতঃপর সংখ্যা রেখায় ৪ এর গুণিতকগুলোকে বৃত্ত দ্বারা আবদ্ধ করতে বলব (৪ দ্বারা শুরু করে)। শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ করুব এবং সঠিকভাবে ৪ এর গুণিতকগুলোকে বৃত্ত দ্বারা আবদ্ধ করেছে নিশ্চিত করব।	
২.৫	পূণরায় ০ থেকে ২৫ পর্যন্ত একটি সংখ্যা রেখা বোর্ডে এঁকে শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় আঁকতে বলব। অতঃপর সংখ্যা রেখায় ৫ এর গুণিতকগুলোকে বৃত্ত দ্বারা আবদ্ধ করতে বলব (৫ দ্বারা শুরু করে) এবং ৫ এর গুণিতকগুলোকে বৃত্ত দ্বারা আবদ্ধ করেছে নিশ্চিত করব।	
২.৬	পূর্বে তৈরি করা সমাধান সম্বলিত চার্ট বোর্ডে ঝুলিয়ে শিক্ষার্থীদের উত্তর মিলিয়ে নিতে সহায়তা করব এবং ফলাফল নিয়ে কয়েক মিনিট আলোচনা করে গুণিতকের ধারণা সুস্পষ্ট করতে সহায়তা করব। অতঃপর প্রশ্ন করব- ➢ ১ এবং ২৫ এর মধ্যে ৪ এর গুণিতক কয়টি এবং কী কী? ➢ ১ এবং ২৫ এর মধ্যে ৫ এর গুণিতক কয়টি এবং কী কী? ➢ সংখ্যা রেখা দুইটিতে এমন কোনো সংখ্যা আছে কি যা ৪ এবং ৫ এর গুণিতক?	
২.৭	শিক্ষার্থীদের ৬ জনের দলে ভাগ করব এবং দলে আলোচনা করে ১ থেকে ১০০ এর মধ্যে ৭ এর গুণিতক কয়টি এবং কী কী খুজে বের করে পোস্টার পেপারে লিখতে বলব। দ্বৈবচয়নের (লটারী) মাধ্যমে যে কোনো একটি দলের কাজ বোর্ডে উপস্থাপনে সহায়তা করব। অন্যান্য দলকে তাদের কাজ মিলিয়ে নিতে সহায়তা করব।	১০ মিনিট
৩	**মূল্যায়ন:** বোর্ডে নিম্নের সমস্যাটি লিখে শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় এককভাবে গুণিতক নির্ণয় করতে সহায়তা করব। শিক্ষার্থীদের সমাধান ঘুরে ঘুরে দেখব। যেসকল শিক্ষার্থী গুণিতক বের করতে পারবে না তাদের প্রয়োজনীয় সহায়তা করব। ➢ ১ থেকে ১০০ এর মধ্যে ৫ এর গুণিতক কয়টি এবং কী কী?	৭ **মিনিট**
	সারসংক্ষেপকরণ: শিক্ষার্থীরা এই পাঠ থেকে কী অর্জন করেছে তা জিজ্ঞেস করব। শ্রেণির সকল শিক্ষার্থী গুণিতকের ধারণা লাভ করেছে তা নিশ্চিত করব।	
	বাড়ির কাজ: পাঠ্যপুস্তকের ৭৪ পৃষ্ঠার ১নং কার্যাবলিটি বাড়ির কাজ হিসেবে করে নিয়ে আসতে বলে সকলকে ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করব।।	

মডেল পাঠ পরিকল্পনা: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

শ্রেণি : ৩য়, অধ্যায় ৪: সমাজের বিভিন্ন পেশা (যারা উৎপাদন করে: পৃ: ২২-২৩); শিখনফল: ৬.১.১, ৬.১.২৬.১.৩

উপকরণ : বাওবি পাঠ্যপুস্তক এবং পাঠ সংশ্লিষ্ট ছবি (কৃষকের মাঠে কাজ করা ও জেলের মাছ ধরার দৃশ্য)।

শিখন শেখানো কার্যাবলি:

প্রস্তুতি	ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করব এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব। খ) আবেগ সৃষ্টি: পাঠ সংশ্লিষ্ট ছড়া বা গানের মাধ্যমে আবেগ সৃষ্টি করব, **গ) পূর্ব পাঠের শিখনফল অর্জন যাচাই** ঘ) পূর্বজ্ঞান যাচাই ও পাঠ ঘোষণা : প্রাসঙ্গিক প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই করব। অতঃপর আজকের পাঠ ঘোষণা করব ও পাঠ শিরোনাম বোর্ডে লিখব "সমাজের বিভিন্ন পেশা"।	১৫ মি.
উপস্থাপন	১. উপকরণ প্রদর্শন: হাতে আঁকা পাঠ সংশ্লিষ্ট ছবি দেখাবো। একাকী চিন্তা ও দলে আলোচনা করে ছবি সম্পর্কে বলতে সহায়তা দেব। প্রয়োজনে নিজে শিক্ষার্থীদের সাথে ধারণা সংযোজন করব। ২. প্রশ্নোত্তরের মাধ্যমে তথ্য সরবরাহ: সমাজের মানুষ নানা রকম কাজ করে আয় উপার্জন করে এবং এসব কাজের মাধ্যমে আমরা সবাই উপকৃত হই বিধায় সকল পেশাই সম্মানের' শিক্ষার্থীদেরকে এ ধারণাটি দেবার জন্য নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে পাঠের মূল বিষয়বস্তু তুলে ধরব। ● তোমাদের মা-বাবা এবং প্রতিবেশী বয়স্ক লোকজন সাধারণতঃ কী কী কাজ করে অর্থ উপার্জন করে? ● যিনি খেতে ফসল ফলান, তাকে কী বলা হয়? ● যিনি মাছ ধরেন, তাকে কী বলা হয়? ● এভাবে যে কাজের মাধ্যমে অর্থ উপার্জন করা হয়, তাকে কী বলে? ● পেশাজীবীদের কাজের দ্বারা কারা উপকৃত হন? ● পেশাজীবীদের সাথে কেমন ব্যবহার করা উচিত? কেন? ● তুমি পেশাজীবীদের সাথে কেমন ব্যবহার কর? ● গ্রাম ও শহরের পেশা কী একই রকম? ● কৃষক কী কী ফসল উৎপাদন করেন? ● তিনি তার উৎপাদিত ফসল কী করেন? ● জেলে কোথায় মাছ ধরেন? ● জেলে তার ধরা মাছ কার নিকট বিক্রি করেন? ৩. পরিকল্পিত কাজ : দলীয় অংশগ্রহণের মাধ্যমে দুটি দলে পর্যায়ক্রমে কৃষক ও জেলের ভূমিকায় অভিনয় করতে সহায়তা করব। ৪. সারসংক্ষেপ বলা : শিক্ষার্থীদের সহায়তায় আজকের পাঠের সারসংক্ষেপ করব। প্রয়োজনে চার্টের সহায়তা নেব। ৫. পাঠ্যপুস্তক পঠন : পাঠের মর্ম উপলব্ধির জন্য শিক্ষার্থীদের প্রত্যেককে পাঠ্যাংশটুকু একাকী পড়তে দেবো।	১০ মি.
মূল্যায়ন	১. প্রশ্নের উত্তর বলা : নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে আজকের পাঠের অগ্রগতি যাচাই করব। ● কৃষক ফলায় এমন ৫টি ফসলের নাম বল। ● জেলে আমাদের কীভাবে উপকার করে? ২. প্রশ্নের উত্তর লেখা : আজকের পাঠের অগ্রগতি যাচাইয়ের জন্য সবাইকে নিম্নরূপ প্রশ্নের উত্তর লিখতে দেব। ' পেশা কাকে বলে? তুমি পেশাজীবীদেরকে সম্মান করবে কেন?' ৩. নিরাময়: পারগ শিক্ষার্থীদের সহায়তায় অপারগ শিক্ষার্থীদের নিরাময় দেব। প্রয়োজনে নিজে সহায়তা দেব। লিখিত মূল্যায়নের ক্ষেত্রে যথাযথ ফিডব্যাক দেব। ৪. বাড়ির কাজ: লিখিত মূল্যায়নের কাজটুকু বাড়িতে ভালোভাবে লিখে আনতে বলব। ৫. পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ : শিক্ষা উপকরণ গুছিয়ে বোর্ড পরিষ্কার করে শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।	১০মি.

মডেল পাঠ পরিকল্পনা: প্রাথমিক বিজ্ঞান

শ্রেণি: ৪র্থ, পাঠের শিরোনাম: পদার্থের বৈশিষ্ট্য (আয়তন) (পৃ: ৪০-৪১),

শিখনফল: ১৬.১.২; উপকরণ :পানিসহ একটি পরিষ্কার গ্লাস, রাবার ব্যান্ড এবং কয়েকটি পাথরের টুকরা/মার্বেল, পাঠ সংশ্লিষ্ট ছবি

শিখন শেখানো কার্যাবলি:

প্রস্তুতি	ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করব এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব। খ) পূর্বজ্ঞান যাচাই ও পাঠ ঘোষণা : নিম্নের প্রশ্নের মাধ্যমে পূর্বজ্ঞান যাচাই করব। ▪ আমাদের শ্রেণিকক্ষে আছে এমন ৩/৪ টি বস্তুর নাম বল। ▪ এ সকল বস্তুকে কী বলে? ▪ পদার্থ কী রকম? শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে বোর্ডে পাঠ শিরোনাম লিখব "পদার্থের বৈশিষ্ট্য (আয়তন)"। শিক্ষার্থীরা পাঠ শিরোনাম খাতায় লিখবে।	০৭ মিনিট
উপস্থাপন	**১.অনুসন্ধানে আমন্ত্রণ: বোর্ডে পাঠের মূল প্রশ্ন লিখব-" "পদার্থের সাধারণ বৈশিষ্ট্যগুলো কী?"** শিক্ষার্থীরা মূল প্রশ্নের আলোকে উত্তর দেবে কাঙ্ক্ষিত উত্তরগুলো বোর্ডে লিখব । এবং পদার্থ জায়গা দখল করে–এটি প্রমাণের জন্য পরীক্ষণের কয়েকটি উপায় বলতে বলব। ২.অনুসন্ধানঃ শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে পদার্থ জায়গা দখল করে তা প্রমাণের জন্য পানিসহ একটি স্বচ্ছ গ্লাস, রাবার ব্যান্ড এবং কয়েকটি পাথরের টুকরা নিয়ে নিম্নরূপভাবে পরীক্ষণটি সম্পন্ন করব। নিচে দেখানো ছকের মতো বোর্ডে একটি ছক তৈরি করব। [illegible]	২৩ মিঃ

	১.পানিতে পাথরের টুকরা দেওয়ার পূর্বে	২.পাথরের টুকরা দেওয়ার পর	৩.পাথরের টুকরা সরিয়ে নেয়ার পর
গ্লাসে পানির উপরিতল			

পরীক্ষণ শুরু করার পূর্বে নিম্নের প্রশ্নগুলো করব

ক) গ্লাসের পানিতে পাথরের টুকরা দিলে কী হবে? খ) পানিতে দেওয়া পাথরের টুকরা সরিয়ে নিলে কী হবে?

এবার নিচের চিত্রের মতো পরীক্ষণটি করব এবং বোর্ডে আঁকা ছকটি পূরণ করব।

ক) রাবার ব্যান্ডের সাহায্যে গ্লাসে পানির উপরিতল চিহ্নিত করি এবং ১ম কলামে ছবিটি আঁকি।

খ) গ্লাসের পানিতে পাথরের টুকরা দিইএবং নতুন উপরিতল চিহ্নিত করি এবং ছকের দ্বিতীয় কলামে ছবিটি আঁকি

গ) পাথরের টুকরা দেওয়ার পর, পানিতে দেওয়া বস্তুটি সরিয়ে নিইএবং ৩য় কলামে পানির পরিবর্তিত উপরিতল চিহ্নিত করে ছবিটি আঁকি।

পরীক্ষা চলাকালীন শিক্ষার্থীদের নিকট ধাপে ধাপে নিচের প্রশ্নগুলো করব।

ক) পানিতে কোন বস্তু দেওয়া হলে পানির উপরি তলের কী পরিবর্তন হয়?

খ) বস্তুটি সরিয়ে নিলে পানির উপরিতলের কী পরিবর্তন হয়?

গ) ফলাফল থেকে পদার্থের কোন বৈশিষ্ট্য অনুমান করতে পারি?

এ ভাবে পরীক্ষণটি সম্পন্ন করে শিক্ষার্থীদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত লিখব।" পদার্থ জায়গা দখল করে। অর্থাৎ পদার্থের আয়তন আছে।"

এ পর্যায়ে ৪/৫ টি দলে ভাগ করে উপকরণ সরবরাহ করব এবং দলীয় ভাবে পরীক্ষণটি সম্পন্ন করতে বলব এবং বোর্ডে আঁকা ছকের মতো ছক এঁকে পূরণ করতে বলব।

৩. সারসংক্ষেপ বলা : দলীয় উপস্থাপন শেষে আলোচনার মাধ্যমে সারসংক্ষেপ করব।

৪. পাঠ্যপুস্তকের সাথে সংযোগ স্থাপন: চতুর্থ শ্রেণির প্রাথমিক বিজ্ঞান বইয়ের ৪১ পৃষ্ঠা নীরবে পড়তে বলব।

মূল্যায়ন	১.নিম্নের প্রশ্নের মাধ্যমে মূল্যায়ন করব ▪ পদার্থের একটি সাধারণ বৈশিষ্ট্য বল। ▪ পদার্থ জায়গা দখল করে তা কীভাবে প্রমাণ করবে? ২. বাড়ির কাজ: উপরোক্ত পরীক্ষণের বাইরে অন্য কীভাবে এটি প্রমাণ করা যায়? তা লিখে আনবে। ৩. পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ : বোর্ড পরিষ্কার করে শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।	১০মিঃ

মডেল পাঠ পরিকল্পনা: প্রাথমিক বিজ্ঞান

শ্রেণি: ৩য়, পাঠের শিরোনাম: পাঠের শিরোনাম: বিভিন্ন ধরনের পরিবেশ **(পৃ: ৩-৪)**

শিখনফল: ১.৩.১, ১.৩.২; উপকরণ : উপকরণ : পাঠ সংশ্লিষ্ট ছবি, পোস্টার পেপার

শিখন শেখানো কার্যাবলি:

প্রস্তুতি	**ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করব এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব।** **খ) পূর্বজ্ঞান যাচাই ও পাঠ ঘোষণা :** নিম্নের প্রশ্নের মাধ্যমে পূর্বজ্ঞান যাচাই করব। ক) আমাদের চারপাশে কী কী আছে? খ) পরিবেশ কী? গ) পরিবেশের এর বিভিন্ন জিনিস কোথায় দেখা যায়? শিক্ষার্থীরা প্রশ্নের উত্তর দেবে। শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে বোর্ডে পাঠ শিরোনাম লিখব "বিভিন্ন ধরনের পরিবেশ"এবং শিক্ষার্থীরা পাঠ শিরোনাম খাতায় লিখবে।	০৭ মিনিট
উপস্থাপন	১.অনুসন্ধানে আমন্ত্রণঃ বোর্ডে পাঠের মূল প্রশ্ন লিখব-" আমরা কীভাবে পরিবেশের শ্রেণিবিন্যাস করতে পারি?" ▪ শিক্ষার্থীরা মূল প্রশ্নের আলোকে উত্তর দেবে ২.অনুসন্ধানঃ ▪ শিক্ষার্থীদের ৪/৫টি দলে ভাগ করে শ্রেণিকক্ষের ভেতরে এবং শ্রেণিকক্ষের বাইরে কী কী আছে তা পর্যবেক্ষণ করে খাতায় লিখতে বলব। ▪ বোর্ডে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৩ এর ছকটি আঁকব এবং পূর্বের গঠন করা দল অনুযায়ী পৃষ্ঠা ৩ এর ছকটি আঁকতে বলব এবং পাঠ সংশ্লিষ্ট ছবি দেখে কোনটি মানুষের তৈরি এবং কোনটি মানুষের তৈরি নয় তা আলাদা করতে বলব। ▪ শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় মানুষের তৈরি পরিবেশ ও মানুষের তৈরি নয় পরিবেশের মধ্যে তিনটি পার্থক্য লিখতে বলব। [illegible] ৩. সারসংক্ষেপ বলা : দলের মতামতের ভিত্তিতে বোর্ডের ছকটি পূরণ করব। এবং বিভিন্ন ধরনের পরিবেশের সারসংক্ষেপ করব। ৪. পাঠ্যপুস্তকের সাথে সংযোগ স্থাপন: তৃতীয় শ্রেণির প্রাথমিক বিজ্ঞান বইয়ের পৃ:৪ নীরবে পড়তে বলব।	২৩ মিঃ

মানুষের তৈরি	মানুষের তৈরি নয়

মূল্যায়ন	নিম্নের প্রশ্নের মাধ্যমে মূল্যায়ন করব(**মৌখিক**) ক) প্রাকৃতিক পরিবেশ কী? খ) মানুষের তৈরি পরিবেশ কী? গ) প্রাকৃতিক ও মানুষের তৈরি পরিবেশের মধ্যে একটি পার্থক্য বল। **৩. বাড়ির কাজ: তোমার বাড়ির পরিবেশে আছে এমন** মানুষের তৈরি ও মানুষের তৈরি নয় উপাদানগুলোর মধ্যে ৫টি করে নাম লিখে আনবে। **৪.পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ : বোর্ড পরিষ্কার করে শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।**	১০মিঃ

মডেল পাঠ পরিকল্পনা: ইসলাম ও নৈতিক শিক্ষা

শ্রেণি : ৫ম, অধ্যায়: ২য়, পাঠের শিরোনাম: ইবাদত; পাঠ: সালাত

শিখনফল: ২.২. ১; ২.২.২; ২.২.৩.

উপকরণ: মার্কার, পাঠ সংশ্লিষ্ট ছবি, পাঁচ ওয়াক্ত সালাতের নামের তালিকা, পাঠ্য পুস্তক, ডাস্টার, নির্দেশিকা কাঠি।

শিখন শেখানো কার্যাবলি		
প্রস্তুতি	ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে সালাম বিনিময় করব এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব। খ) আবেগ সৃষ্টি : হামদ ও নাত পরিবেশনের মাধ্যমে । গ) পূর্ব পাঠের **শিখনফল অর্জন যাচাই:** পূর্বজ্ঞান যাচাই ১.আল্লাহর আনুগত্য করাকে কী বলে ? ২.কি বলে পড়া শুরু করতে হয় ? ৩. আমরা দৈনিক ৫ বার ওযু করি কেন? পাঠ ঘোষণা: অত:পর অদ্যকার পাঠ "সালাত" বোর্ডে লিখে দিব।	১৫ মিনিট
উপস্থাপন	১.উপকরণ প্রদর্শন: পাঠ সংশ্লিষ্ট একটি ছবি বোর্ডে টাঙ্গিয়ে একাকী ও জোড়ায় চিন্তা করতে দিব। প্রয়োজনে নিজে শিক্ষার্থীদের সাথে ধারণা সংযোজন করব। ২. সালাত কি ও কেন পড়তে হয় বলতে পারবে। পাঠ্যাংশটুকু হইতে সালাত কেন পড়তে হয় তা নিয়ে আলোচনা করে নিম্নরূপ প্রশ্ন করব:। ক. শ্রেষ্ঠ এবাদত কোনিটি? খ.ইসলামের পাঁচ রুকন কি কি? গ.আমরা কি ভাবে আল্লাহকে স্বরণ করি? ঘ.নামাজ কত ওয়াক্ত? ঙ. পাঁচ ওয়াক্ত নামাজ কি কি? চ. জামাতে নামাজ পড়লে আল্লাহ কী পুরস্কার দেবেন? ছ. আল্লাহতায়ালা প্রথম কিসের হিসেব নেবেন? জ. আসর এর সময় কখন হয়? ঞ. পাঁচ ওয়াক্ত নামাজের মধ্যে ফজর কখন পড়তে হয়? ঝ. যোহর কখন পড়তে হয়? ত. এশার সময় কখন হয়? ৩. সারসংক্ষেপ বলা : শিক্ষার্থীদের সহায়তায় আজকের পাঠের সারসংক্ষেপ করব। প্রয়োজনে চার্টের সহায়তা নেব। ৪. পাঠ্যপুস্তক পঠন : অতঃপর পাঠ্য বই খুলতে বলব এবং নিচু স্বরে পড়তে বলব।	১৫ মিনিট
মূল্যায়ন	১. প্রশ্নের উত্তর বলা : নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে আজকের পাঠের অগ্রগতি যাচাই করব। ক.ইবাদত কাকে বলে? খ.আল্লাহ আমাদের কেন সৃষ্টি করেছেন? গ.পাঁচ ওয়াক্ত সালাতের নাম কি? ঘ. ইসলামের রুকন কয়টি? ২. প্রশ্নের উত্তর লেখা : আজকের পাঠের অগ্রগতি যাচাইয়ের জন্য সবাইকে নিম্নরূপ প্রশ্নের উত্তর লিখতে দেব। ক. সালাতের গুরুত্ব বর্ণনা কর। খ. পাঁচ ওয়াক্ত সালাতের সময় বর্ণনা কর। ৩. বাড়ির কাজ: পাঠ্যাংশটুকু বাড়িতে পুনরায় পড়ে আসতে বলব। ৪. পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ: শিক্ষা উপকরণ গুছিয়ে, বোর্ড পরিষ্কার করে এবং শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।	১০ মিনিট

মডেল পাঠ পরিকল্পনা: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

শ্রেণি : ৫ম, পাঠের শিরোনাম: ঈশ্বর ও জীবসেবা: **১ম পাঠ (পৃ: ১-২); শিখনফল: ১.১.১; ১.১.২**

উপকরণ: পাঠ্যপুস্তক, পাঠ্যপুকস্তকে ব্যবহৃত নিসর্গ দৃশ্য, ভিডিও চিত্র (সম্ভব হলে)।

প্রস্তুতি	(ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করবেন এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব। (খ) আবেগ সৃষ্টি: পাঠসংশ্লিষ্ট জীবসেবার ছবি প্রদর্শনের মাধ্যমে। গ) পূর্ব পাঠের **শিখনফল অর্জন যাচাই:** (ঘ) পূর্বজ্ঞান যাচাই ও পাঠ ঘোষণা: প্রাসঙ্গিক ছবি/বিভিন্ন দেবতার ছবি ও প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই করব। অতঃপর আজকের পাঠ ঘোষণা করব ও পাঠ শিরোনাম বোর্ডে লিখব ''ঈশ্বর ও জীবসেবা"।	১৫ মি.
উপস্থাপন	১. মাল্টিমিডিয়ার সাহায্যে/হাতে আঁকা পাঠ সংশ্লিষ্ট নিসর্গ দৃশ্যের ছবি দেখাব। একাকী চিন্তা ও দলে আলোচনা করে ছবি সম্পর্কে শিক্ষার্থীদের বলতে সহায়তা করব। প্রয়োজনে নিজে শিক্ষার্থীদের সাথে ধারণা সংযোজন করব। ২.ঈশ্বর, স্রষ্টা, জীব তাঁর সৃষ্টি। ঈশ্বর জীবের মধ্যে আত্মারূপে অবস্থান করেন। পরমাত্মা ,আত্মা, জীব ও ঈশ্বর এবং জীবসেবার সুফল ইত্যাদি বিষয় সম্পর্কে শিক্ষার্থীদেরকে ধারণা দেবার জন্য নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে পাঠের মূল বিষয়বস্তু তুলে ধরব। ক. জীব জগতের সৃষ্টিকর্তা কে? খ. ঈশ্বর কোথায় অবস্থান করেন? গ. ঈশ্বরের আরেক নাম কী? ঘ. জীবের মধ্যে অবস্থানকারী ঈশ্বরকে কী বলে? ঙ. ঈশ্বর ও জীবের মধ্যে সম্পর্ক কী? চ. আমরা ঈশ্বরের সেবা করি কেন? ছ. কীভাবে ঈশ্বরের সেবা করা যায়? জ. 'জীবও ঈশ্বর' কেন? ঝ. জীবসেবা করলে কী ফল লাভ হয়? ঞ. 'যত্র জীবঃ তত্র শিবঃ' এ কথার অর্থ কী? ট. ঈশ্বরের সেবার উদ্দেশ্যে আমরা কার কার সেবা করতে পারি? ঠ. ঈশ্বরের সন্তুষ্টি লাভের জন্য আমরা কী করব? ৩. **পরিকল্পিত কাজ প্রদান:** শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করে জীবসেবার জন্য কী ধরণের কাজ করবে সে রকম তিনটি করে কাজের নাম লিখতে সহায়তা করব। ৪. **সারসংক্ষেপ বলা:** শিক্ষার্থীদের সহায়তায় অদ্যকার পাঠের সারসংক্ষেপ করব। প্রয়োজনে পাঠ্যবই এর নিসর্গ দৃশ্যের সহায়তা নিবো। ৫. **পাঠ্যপুস্তক পঠন:** পাঠের মর্ম উপলব্ধির জন্য শিক্ষার্থীদের প্রত্যেককে পাঠ্যাংশটুকু একাকী পড়তে সহায়তা করব।	১৫ মি.
মূল্যায়ন	১. প্রশ্নের উত্তর বলা : নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে আজকের শিখনফল অর্জন যাচাই করব। ক. জীবের মধ্যে অবস্থানকারী ঈশ্বরকে কী বলে? খ. জীবও ঈশ্বর কেন? গ. জীবসেবার দু'টি সুফল বল? ২. প্রশ্নের উত্তর লেখা:আজকের পাঠের অগ্রগতি যাচাইয়ের জন্য সবাইকে নিম্নরূপ প্রশ্নের উত্তর লিখতে দেব। ক. সর্বশক্তিমান কে? খ. ঈশ্বরের আরেক নাম কী? গ. জীবসেবার মধ্যে দিয়ে আমরা কার সেবা করি? ৩. **বাড়ির কাজ:** পাঠ্যাংশটুকু বাড়িতে পুনরায় পড়ে আসতে বলব। ৪. পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ : শিক্ষা উপকরণ গুছিয়ে, বোর্ড পরিষ্কার করে এবং শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।	১০মি.

মডেল পাঠ পরিকল্পনা: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

শ্রেণি: ৪র্থ, পাঠের শিরোনাম: জাতক পরিচিত (পালি ভাষায় .....গুরুত্ব অপরিসীম), পৃ:৯৯-১০০,

শিখনফল: ৪.১.৩, ৪.১.২, ৪.১.৩ ; উপকরণ : পাঠ সংশ্লিষ্ট ছবি/ ফ্লাসকার্ড / তালিকা

শিখন শেখানো কার্যাবলি:

প্রস্তুতি	ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করব এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব। খ) আবেগ সৃষ্টি: পাঠসংশ্লিষ্ট কবিতা বা গান পরিবেশনের মাধ্যমে আবেগ সৃষ্টি করব। গ) পূর্ব পাঠের শিখনফল অর্জন যাচাই: ঘ) পূর্বজ্ঞান যাচাই ও পাঠ ঘোষণা: প্রাসঙ্গিক ছবি/চার্ট/প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই করব। অতঃপর আজকের পাঠ ঘোষণা করব ও পাঠ শিরোনাম বোর্ডে লিখব "জাতক কাহিনী"।	১৫ মি.
উপস্থাপন	১. মাল্টিমিডিয়ার সাহায্যে/পাঠ সংশ্লিষ্ট ছবি দেখাবো (পাঠ্য বইয়ের ছবি বড় করে)। একাকী চিন্তা করে ও দলে আলোচনা করে ছবির বিষয়বস্তু সম্পর্কে বলতে বলব। প্রয়োজনে নিজে শিক্ষার্থীদের সাথে ধারণা সংযোজন করব। ২. জাতকের ছবি দেখানোর পর নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে পাঠের মূল বিষয়বস্তু তুলে ধরব। ক) জাতক কাকে বলে? ঘ) জাতকের কয়টি অংশ? খ) অংশগুলোর নাম কী কী? ঙ) জাতক কাহিনী কয়টি? গ) জাতকের গল্পগুলো কী নামে পরিচিত? চ) আমরা কেন জাতক সম্পর্কে পড়ব? ৩. পরিকল্পিত কাজ প্রদান : দলীয় অংশগ্রহণের মাধ্যমে দুটি দলে পর্যায়ক্রমে ভূমিকায় অভিনয় করতে সহায়তা করব। ৪. পাঠের সারসংক্ষেপ বলা : শিক্ষার্থীদের সহায়তায় অদ্যকার পাঠের সারসংক্ষেপ করব। প্রয়োজনে চার্টের সহায়তা নেব। ৫. পাঠ্যপুস্তক পঠন : পাঠের মর্ম উপলব্ধির জন্য শিক্ষার্থীদের প্রত্যেককে পাঠ্যাংশটুকু একাকী পড়তে সহায়তা করব।	১৫ মি.
মূল্যায়ন	ক) নিম্নরূপ প্রশ্নের উত্তর বলতে বলব : (১) একটি জাতকের উদাহরণ দাও। এ জাতক সম্পর্কে তুমি কী জান? খ) প্রশ্নোত্তর লেখা :আজকের পাঠের অগ্রগতি যাচাইয়ের জন্য সবাইকে নিম্নরূপ প্রশ্নের উত্তর লিখতে দেব। (১) একটি করে জাতক পাঠের গুরুত্ব তোমাদের নোট খাতায় লিখ। (২) কোন শিক্ষার্থী লিখতে না পারলে নিজে বা পারগ শিক্ষার্থী দিয়ে লিখতে সাহায্য করব। (৩) বিভিন্ন প্রশ্নের সঠিক উত্তর প্রদান করতে উৎসাহিত করব। গ) বাড়ির কাজ: পাঠ্যাংশটুকু বাড়িতে পুনরায় পড়ে আসতে বলব। ঘ) পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ: শিক্ষা উপকরণ গুছিয়ে, বোর্ড পরিষ্কার করে এবং শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।	১০মি.

মডেল পাঠ পরিকল্পনা: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

শ্রেণি : চতুর্থ, অধ্যায়: ৩য় (পবিত্র আত্মা), পাঠের শিরোনাম: পবিত্র আত্মার প্রেরণায় চলা। (পৃ: ১০-১১)

শিখনফল: ৩.১.৩ ,উপকরণ: বিজয় ফুলে লিখিত ৭টি দান, একটি গাছের চিত্রে ১২টি ফল, পাঠ্যপুস্তক

শিখন শেখানো কার্যাবলি:

প্রস্তুতি	ক) কুশল বিনিময়: শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করব এবং শিখন সহায়ক নিরাপদ পরিবেশ সৃষ্টি করব। খ) আবেগ সৃষ্টি: সাম সঙ্গীত/ গান পরিবেশনের মাধ্যমে। গ) পূর্ব পাঠের **শিখনফল অর্জন যাচাই:** ঘ) **পূর্বজ্ঞান যাচাই ও পাঠ ঘোষণা:** পবিত্র আত্মার দান কতটি, পবিত্র আত্মার দান আমাদের জীবনে কী বয়ে আনে, আমরা কার প্রেরণায় চলব ইত্যাদি প্রশ্নের মাধ্যমে পূর্বজ্ঞান যাচাই করব এবং আজকের পাঠ ঘোষণা করে পাঠ শিরোনাম বোর্ডে লিখব।	১৫ মি.
উপস্থাপন	১। উপকরণ প্রদর্শন: পাঠ সংশ্লিষ্ট ছবিগুলো শিক্ষার্থীদের দেখিয়ে একাকী চিন্তা করে ও জোড়ায় আলোচনা করতে দিয়ে নিচের প্রশ্নগুলো করব- ক) আমাদের কে সৃষ্টি করেছেন? খ) আমাদের প্রতিদিনের প্রয়োজনীয় জিনিস কে সৃষ্টি করেছেন? ২। প্রসঙ্গ অনুযায়ী চার্ট-এর সহায়তা নিয়ে প্রশ্নোত্তর আলোচনার মাধ্যমে আজকের পাঠ উপস্থাপন করব। সেক্ষেত্রে সম্ভাব্য প্রশ্নগুলো হবে- ক) পবিত্র আত্মার দানগুলো কী কী? খ) পবিত্র আত্মার প্রেরণায় চলার অর্থ কী? গ) পবিত্র আত্মার ১২টি ফল কী কী? ঘ) পবিত্র আত্মার মতে চললে কী হয়? ঙ) মন্দ আত্মার শক্তিতে চললে কী হয়? ৪। **পরিকল্পিত কাজ প্রদান :** কী কী কাজের মাধ্যমে পবিত্র আত্মার প্রেরণায় চলা যাবে এবং কীভাবে মন্দ আত্মার শক্তি পরিত্যাগ করা যাবে তা দলীয় কাজের মাধ্যমে ওয়ার্ক শীটে লিখতে সহায়তা করব। ৫। **সারসংক্ষেপ বলা:** শিক্ষার্থীদের সহায়তায় আজহের পাঠের সারসংক্ষেপ করব। প্রয়োজনে চার্টের সহায়তা নেব। ৬। পাঠ্যপুস্তক পঠন : পাঠের মর্ম উপলব্ধির জন্য শিক্ষার্থীদের প্রত্যেককে পাঠ্যাংশটুকু একাকী পড়তে সহায়তা করব।	১৫ মি.
মূল্যায়ন	১। পাঠচলাকালীন মৌখিক ও লিখিত মূল্যায়ন করব। ২। নিচের প্রশ্নগুলোর মাধ্যমে মূল্যায়ন করব: ক) পবিত্র আত্মার ফল কয়টি ? খ) পবিত্র আত্মার ফলগুলোর নাম লিখ। গ) পবিত্র আত্মার প্রেরণায় চলতে তোমার ৫টি করণীয় লেখ। ৩। বাড়ির কাজ: পবিত্র আত্মার পরিচালনায় মানুষ কীভাবে চলতে পারে তার একটি তালিকা তৈরি কর। ৪। পাঠ সমাপ্তি ও শ্রেণিকক্ষ ত্যাগ: শিক্ষা উপকরণ গুছিয়ে, বোর্ড পরিষ্কার করে এবং শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানিয়ে শ্রেণিকক্ষ ত্যাগ করব।	১০ মি.